MAR. 05 2000

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৭

এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন ঃ নকল ও সহযোগিতা

# ৫ হাজার পরীক্ষার্থী ও ২৫ জন শিক্ষক বহিষ্কার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল শনিবার এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনেও অবাধ নকল আর ব্যাপক হারে বহিষ্কারের ঘটনা ঘটেছে। সারাদেশে প্রায় ৫ হাজার পরীক্ষার্থীকে বহিষ্কারের পাশাপাশি নকলে সহযোগিতা করার কারণে প্রায় ২৫ জন শিক্ষককে গতকাল বহিষ্কার করা হয়েছে।

গতকাল দেশের বিভিন্ন কেন্দ্রে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘটেছে। এতে প্রায় অর্ধশত আহত হয়েছে। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকালে সাংবাদিকরা লাঞ্ছিত হয়েছেন। স্থানীয় প্রশাসনও এতে জড়িত রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

দিনাজপুরে প্রধান স্কুল শিক্ষিকাকে অপহরণ ও লাঞ্ছিত করা হয়েছে। এ ঘটনার জের হিসেবে ব্যাপক গোলযোগ এবং ৬শ পরীক্ষার্থীর পরীক্ষা ভণ্ডুল হয়ে গেছে।

শাহজাদপুরের পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে, উল্লাপাড়া হামিদা বালিকা বিদ্যালয় কেন্দ্রে, পীরগঞ্জ কেন্দ্রে, মাদারগঞ্জ ভেন্যু কেন্দ্রে পুলিশের সাথে নকল সরবরাহকারীদের সংঘর্ষ হয়েছে। এতে ৩৫ জন আহত হয়েছে।

শাহজাদপুর ও কুমিল্লার বরুড়ায় কর্তব্য পালনরত সাংবাদিকদের লাঞ্ছিত করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ১ হাজার ৫শ ৭৬ জন ছাত্রছাত্রীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। এর মধ্যে ঢাকা মহানগরীতে ৩ জন, নারায়ণগঞ্জে ২১ জন, নরসিংদীতে ৯৮ জন, মুন্সিগঞ্জে ৪৩ জন, টাঙ্গাইলে ২শ ৮৯ জন, ময়মনসিংহে ১শ ৫৯ জন, জামালপুরে ১শ ১২ জন, শেরপুরে ৩৮ জন, কিশোরগঞ্জে ৮৬ জন, ফরিদপুরে ৪৫ জন, গোপালগঞ্জে ৪৩ জন, রাজবাড়িতে ৪১ জন এবং শরীয়তপুরে ২৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঢাকা শিক্ষা বোর্ড কন্ট্রোল রুম সূত্রে এ তথ্য পাওয়া গেছে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ৭শ ৯০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকলের ছবি তোলার কারণে কুমিল্লার বরুড়া থানার তলাগ্রাম হাইস্কুল কেন্দ্রে একজন সাংবাদিককে লাঞ্ছিত করা হয়।

যশোর শিক্ষা বোর্ডের অধীন ১০টি জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৫শ ৬৪ জন। নকলে সহযোগিতা করার কারণে কুষ্টিয়ার কুষ্টিয়া কেন্দ্রে এবং মিরপুর কেন্দ্রে ৪ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। যশোর শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে এ তথ্য

এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৫

## এসএসসি ঃ দ্বিতীয় দিন

(১২-এর পৃষ্ঠার পর)

মিলেছে।

দিনাজপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ অসদুপায় অবলম্বন করতে না দেয়ায় দিনাজপুরের চিরিরবন্দর পাইলট হাইস্কুল কেন্দ্রে সৃষ্ট গোলযোগপূর্ণ পরিস্থিতিতে ৬শ পরীক্ষার্থীর পরীক্ষা ভণ্ডুল হয়ে গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করলে উচ্ছৃংখল ... জন ... হয়। ...

